



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

মনিটরিং বিভাগ

ওয়েবসাইট: www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২২১.১৪.০২৩.১৭- ১৪৩

তারিখঃ ২৯ মার্চ ২০১৮।

বিষয়: বিএডিসি'র প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি'১৮ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

গত ২০ মার্চ ২০১৮ তারিখে বিএডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে মনিটরিং বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েবসাইটে পাওয়া যাবে।

ফকির হোসেন
২৯.০৩.১৮

মোঃ আঃ ছাত্তার গাজী
প্রধান (মনিটরিং) চলতি দায়িত্ব
বিএডিসি, ঢাকা
ফোনঃ ৯৫৫০৯৪৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
২. সচিব, বিএডিসি, ঢাকা।
৩. প্রধান (পরিকল্পনা), বিএডিসি, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (নির্মাণ/ক্ষুদ্রসেচ/সওকা), বিএডিসি, ঢাকা।
৬. অতি. মহাব্যবস্থাপক (বীবি/খামার/আলুবীজ/বীপ্রস/ক.প্রো), বিএডিসি, ঢাকা।
৭. যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
৮. উপপ্রধান প্রকৌশলী (জওঅ/মিশু), বিএডিসি, ঢাকা।
৯. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকাঃ ওয়েবসাইটে প্রকাশের জন্য।
১০. চেয়ারম্যানের একান্ত সচিব, বিএডিসি, ঢাকাঃ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বিএডিসি।
১২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল), সবুজপাতাভুক্ত প্রকল্প, বিএডিসি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

মনিটরিং বিভাগ

www.badc.gov.bd

বিষয়ঃ বিএডিসি'র মাধ্যমে বাস্তবায়িত ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত অন্তর্ভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর অনুষ্ঠিত অভ্যন্তরীণ পর্যালোচনা সভার (ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত) কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি ভবন, ঢাকা।
সভার তারিখ : ২০ মার্চ ২০১৮।
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভার শুরুতে বিগত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রধান (মনিটরিং), বিএডিসি ফেব্রুয়ারি ২০১৮ মাস পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

০২. প্রধান (মনিটরিং) সভাকে অবহিত করেন যে, ২০১৭-১৮ অর্থ বছরে ১৩টি প্রকল্পের এডিপি বরাদ্দ ৩৫০.৩৭ কোটি টাকা; ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৭৩.৭৮ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ১৭১.০৯ কোটি টাকা যা, মোট বরাদ্দের ৪৮.৮৩%। উল্লেখ্য, অর্থ ছাড় না হওয়ায় নতুন অনুমোদিত সাতটি প্রকল্পের তথ্য হিসাবভুক্ত করা হয় নি। সভায় প্রকল্প ও কর্মসূচিওয়ারী দরপত্র, ভৌত ও আর্থিক অগ্রগতির বিস্তারিত তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়:

২.১: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত দরপত্র অগ্রগতি:

ক্র নং	প্রকল্পের নাম	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	আহবান (সংখ্যা)	কার্যাদেশ (সংখ্যা)	মন্তব্য
০১.	নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈল বীজ বর্ধন খামার এবং বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন প্রকল্প	০৩	০৩	০৩	
০২.	বিএডিসি'র বিদ্যমান সারণদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প	০৯	০৯	০৯	
০৩.	জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ, মান নিরূপণ ও প্রযুক্তি বিস্তার প্রকল্প	০২	০২	০২	
০৪.	বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনীকিকরণ এবং উন্নয়ন প্রকল্প	১৫	১৪	১৩	
০৫.	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	০৪	০৪	০৪	
০৬.	ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প	০৭	০৭	০৭	
০৭.	সিলেট বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	১৪	১৪	১৪	
০৮.	বরিশাল বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	১৩	১৩	১৩	
০৯.	ডাবল লিফটিং এর মাধ্যমে ভূ-উপরিস্থ পানির সাহায্যে সেচ সম্প্রসারণ প্রকল্প(৩য় পর্যায়)	১২	১২	১১	
১০.	আশুগঞ্জ-পলাশ এগ্রো-ইরিগেশন (৫ম পর্যায়) প্রকল্প	০৮	০৮	০৮	
১১.	কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূ-উপরিস্থ পানি ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ প্রকল্প	০৭	০৭	০৭	
১২.	ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ ডিজিটাইজেশনকরণ প্রকল্প (৪র্থ পর্যায়)	০৫	০৫	০৫	
১৩.	বৃহত্তর খুলনা ও যশোর জেলার ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	০৭	০৬	০১	প্রকল্পটি সম্প্রতি অনুমোদিত

১৪.	বৃহত্তর বগুড়া ও দিনাজপুর জেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	১০	০৭	-	প্রকল্পটি সম্পূর্ণ অনুমোদিত
১৫.	নোয়াখালী-ফেনী ও লক্ষ্মীপুর জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প				"
১৬.	ময়মনসিংহ বিভাগ এবং ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প				"
১৭.	লালমনিরহাট জেলায় হাতীবান্ধা উপজেলার সানিয়াজান ইউনিয়নে ভূ-পরিষ্ক পানি নির্ভর সেচ সম্প্রসারণের মডেল স্থাপনের লক্ষ্যে পাইলট প্রকল্প				"
১৮.	বৃহত্তর রংপুর অঞ্চলে ভূপরিষ্ক পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প				"
১৯.	চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার মেঘনা নদীতে অবস্থিত বোরো চরে বীজ উৎপাদন খামার স্থাপনের জন্য কারিগরী সম্ভাব্যতা যাচাই প্রকল্প।				"
মোট		১১৬	১১১	৯৭	

২.৩: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত আর্থিক ও ভৌত অগ্রগতি : (লক্ষ টাকায়)

ক্র. নং	প্রকল্পের নাম	২০১৭-১৮ বছরে বরাদ্দ	ফেব্রুয়ারি ১৮ পর্যন্ত অবমুক্ত	ফেব্রুয়ারি ১৮ পর্যন্ত ব্যয়	ভৌত অগ্রগতি
০১.	নোয়াখালী জেলার সূবর্ণচর উপজেলায় ডাল ও তৈল বীজ বর্ধন খামার এবং বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন প্রকল্প	৪৩১.০০	৮৮.২৩ (২০%)	৮৮.২৩ (২০%)	৬৫%
০২.	বিএডিসি'র বিদ্যমান সারগুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প	৩১৮৯.০০	১৫৯৪.৫০ (৫০%)	১৫৯৪.৫০ (৫০%)	৬৫%
০৩.	জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ, মান নিরূপণ ও প্রযুক্তি বিস্তার প্রকল্প	৫৫৮.৪৫	২৬৬.৫০ (৪৮%)	২৬৬.৫০ (৪৮%)	৯০%
০৪.	বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প	৬০০০.০০	৩০০০.০০ (৫০%)	২৯৯২.৮২ (৪৯.৮৮%)	৭২%
০৫.	ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	৫০০০.০০	২৫০০.০০ (৫০%)	২৫০০.০০ (৫০%)	৬৫%
০৬.	ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প	৪০০০.০০	২০০০.০০ (৫০%)	১৯৮০.০০ (৪৯.৬%)	৬৫%
০৭.	সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প	৮৯.০০	৪৪.৫০ (৫০%)	৩৭.৩৯ (৪২%)	৬৫%
০৮.	সিলেট বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৩০০০.০০	১৫০০.০০ (৫০%)	১৪৯০.০০ (৪৯.৬৬%)	৭০%
০৯.	বরিশাল বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৩৫০০.০০	১৭৫০.০০ (৫০%)	১৭৩৭.০০ (৪৯.৬২%)	৬৯%
১০.	ডাবল লিফটিং এর মাধ্যমে ভূ-উপরিষ্ক পানির সাহায্যে সেচ সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)	৩৮০০.০০	১৯০০.০০ (৫০%)	১৮৯৮.৭৭ (৪৯.৯৭%)	৭২%
১১.	আশুগঞ্জ-পলাশ এগ্রো-ইরিগেশন প্রকল্প (৫ম পর্যায়)	৫৭০.০০	২৮৫.০০ (৫০%)	২৮৫.০০ (৫০%)	৮৫%
১২.	কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূ-উপরিষ্ক পানি ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ প্রকল্প	৪০০০.০০	২০০০.০০ (৫০%)	১৯৫৫.০০ (৪৯%)	৫২%
১৩.	ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ ডিজিটলাইজেশনকরণ প্রকল্প (৪র্থ পর্যায়)।	৯০০.০০	৪৫০.০০ (৫০%)	২৯৯.০০ (৩৩.২২%)	৫০%
মোট		৩৫০৩৭.৪৫	১৭৩৭৮.৭৮ (৪৯.৬০%)	১৭১২৪.২১ (৪৮.৮৮%)	

২.৩: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত দরপত্র অগ্রগতি:

ক্র নং	প্রকল্পের নাম	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	আহবান (সংখ্যা)	কার্যাদেশ (সংখ্যা)	মন্তব্য
০১.	রাঙ্গামাটি জেলার বরকল ও কাউখালী উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০৫	০৫	০৫	
০২.	পাবনা জেলার চাটমোহর, ভাঙ্গুরা ও ফরিদপুর উপজেলা ভূ-পরিষ্ক পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০৮	০৮	০৮	
০৩.	ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা ও আখাউড়া উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০৫	০৫	০৫	
০৪.	ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০৩	০৩	০৩	
০৫.	গোপালগঞ্জ জেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০২	০২	০২	
০৬.	খুলনা জেলার ডুমুরিয়া ও ফুলতলা উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	০৪	০৪	০৪	
০৭.	ছিটমহল উন্নয়নের জন্য সমন্বিত কর্মসূচি	০২	০২	০২	
০৮.	শেরপুর জেলা সেচ এলাকা সম্প্রসারণ কর্মসূচি	০৫	০৫	০৫	
	মোট	৩৪	৩৪	৩৪	

২.৪: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন সেচ কর্মসূচিসমূহের জানুয়ারি ১৮ পর্যন্ত অগ্রগতি: (লক্ষ টাকা)

ক্র নং	প্রকল্পের নাম	২০১৭-১৮ বছরে বরাদ্দ	ফেব্রুয়ারি ১৮ পর্যন্ত অবমুক্ত	ফেব্রুয়ারি ১৮ পর্যন্ত ব্যয়	ভৌত অগ্রগতি
০১.	রাঙ্গামাটি জেলার বরকল ও কাউখালী উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৪৪৭.৩৩	২২৩.৬৮ (৫০%)	২১৮.৬৭ (৪৮.৮৮%)	৭৫%
০২.	ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা ও আখাউড়া উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	২৭২.০০	১৩৬.০০ (৫০%)	১৩০.৪০ (৪৭.৯৪)	৬৮%
০৩.	ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	২৬৯.৮৬	১৩৪.৯৩ (৫০%)	১৩৩.২১ (৪৯.৩৬%)	৭০%
০৪.	পাবনা জেলার চাটমোহর, ভাঙ্গুরা ও ফরিদপুর উপজেলা ভূ-পরিষ্ক পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৩৪৯.৫৫	১৭৪.৭৭ (৫০%)	১৫৫.১৬ (৪৪.৩৯%)	৭৫%
০৫.	গোপালগঞ্জ জেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	২০০.০০	১০০.০০ (৫০%)	৯৮.৭১ (৪৯.৩৬%)	৮৫%
০৬.	খুলনা জেলা ডুমুরিয়া ও ফুলতলা উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	১৫০.০০	৭৫.০০ (৫০%)	৭৫.০০ (৫০%)	৭০%
০৭.	ছিটমহলে উন্নয়নের জন্য সমন্বিত কর্মসূচি	৮২.৯৩	৪১.৪৭ (৫০%)	৪১.৪৭ (৫০%)	৭৫%
০৮.	শেরপুর জেলা সেচ এলাকা সম্প্রসারণ কর্মসূচি	২০০.০০	৭৫.০০ (৩৭.৫০%)	৭৫.০০ (৩৭.৫০%)	৭৯%
	মোট:	১৯৭১.৬৭	৯৬০.৮৪ (৪৮.৭৩%)	৯২৭.৬২ (৪৭.০৫%)	

৩৩. উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
৩.১	ক) নতুন নতুন প্রকল্প/কর্মসূচি তৈরির জন্য Concept Note দিতে হবে। খ) বিএডিসি'র বিদ্যমান সারগুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প; জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ, মান নিরূপণ ও প্রযুক্তি বিস্তার প্রকল্প; নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈল বীজ বর্ধন খামার এবং বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন প্রকল্পের বিপরীতে একটি করে ছায়া প্রকল্প তৈরি করে আগামী ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে।	ক. প্রধান প্রকৌ. (ক্ষুসে/সওকা/নির্মাণ), মহাব্যবস্থাপক (বীজ/সার/উদ্যান), প্রধান (পরিকল্পনা)। খ. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।
৩.২	বিএডিসি'র সকল উইংয়ের আওতায় জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণা করতে হবে। এ বিষয়ে নির্মাণ বিভাগকে একটি সমন্বিত প্রকল্প প্রস্তুত করতে হবে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে।	প্রধান প্রকৌশলী (নির্মাণ)
৩.৩	বিএডিসি'র যে সমস্ত ক্রয়কৃত জমি সংস্থার কোন কাজে ব্যবহার করা হচ্ছে না কিংবা অদূর ভবিষ্যতে ব্যবহার করার সম্ভাবনা নেই সেসব জমির তালিকা সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণ করতে হবে। সাধারণ পরিচর্যা বিভাগকে এ বিষয়ে একটি সভার আয়োজন করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/সার/উদ্যান/পাটবীজ), প্রধান প্রকৌশলী (নির্মাণ/ক্ষুসে/সওকা), যুগ্মসচিব (সো: প:)।
৩.৪	বিএডিসি কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরে বাস্তবায়িত কর্মসূচিসমূহের অর্জিত অগ্রগতি মূল্যায়নপূর্বক প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), প্রধান প্রকৌশলী (সওকা)।
৩.৫	প্রস্তাবিত প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিজ নিজ প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়া নিয়মিত তদারকি করবেন। যেসব প্রকল্পের ডিপিপি প্রেরণ করা হয়নি সেসব প্রকল্পের ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা(সকল), প্রধান (পরিকল্পনা), মহাব্যবস্থাপক (বীজ/সার), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)।
৩.৬	বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমের মাসিক অগ্রগতির প্রতিবেদন IMED এর নির্ধারিত ছকে এবং দরপত্র সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের শেষ কর্মদিবসের মধ্যে Nikosh Font এ মনিটরিং বিভাগে প্রেরণ করতে হবে।	প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম পরিচালক(সকল)
৩.৭	সকল প্রকল্পের প্রজেক্ট টিয়ারিং কমিটি (পিএসসি), প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি) এবং প্রজেক্ট ইভ্যালুয়েশন কমিটি (পিইসি) সভার হালনাগাদ তথ্য প্রধান (মনিটরিং) বরাবর প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল) প্রধান (পরিকল্পনা)
৩.৮	চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার মেঘনা নদীতে অবস্থিত বোরো চরে বীজ উৎপাদন খামার স্থাপনের জন্য কারিগরী সম্ভাব্যতা যাচাই প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন জুলাই, ২০১৮ মাসের মধ্যে জমা দিতে হবে।	প্রকল্প পরিচালক/মহাব্যবস্থাপক (বীজ)
৩.৯	বৃহত্তর রংপুর অঞ্চলে 'কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূপরিষ্ক পানি ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ' প্রকল্পের আওতায় রাবার ড্যাম নির্মাণ করতে হবে।	প্রকল্প পরিচালক, রাবার ড্যাম নির্মাণ প্রকল্প প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)।

৩৪. আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

২৯.০৩.১৮

(মোঃ নাসিরুজ্জামান)

চেয়ারম্যান, বিএডিসি।